জয়িতা বিপণন কেন্দ্রের নারী উদ্যোক্তাদের জন্য কর্মশালার আয়োজন

মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন জয়িতা বিপণন কেন্দ্রের নারী উদ্যোক্তাদের জন্য ছয় দিনব্যাপী ফ্যাশন ডিজাইন কর্মশালা রাজধানীতে জয়িতা ডিজাইন সেন্টারে শুরু হয়েছে। গতকাল জয়িতা ফাউন্ডেশনের এমডি আফরোজা খান ভিডিও কনফারেন্সের মাধ্যমে এটির উদ্বোধন করেন। জয়িতা ফাউন্ডেশনের অতিরিক্ত সচিব মো. আব্দুর রউফের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রখ্যাত ডিজাইনার ও গবেষক চন্দ্র শেখর সাহা, জয়িতা ফাউন্ডেশনের সহকারী ব্যবস্থাপক মুনমুন নাহার, সবুজ দাস, মোহাম্মাদ আফজাল মোল্যা, মনিষা নুসরাত ও উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা জেসমিন আরা উপস্থিত ছিলেন।